

ଆস-সাফফাত | As-Saffat | أَصَافَاتٍ

আয়াতঃ ৩৭ : ১৪৯

আরবি মূল আয়াত:

﴿ ۱۴۹ ﴾
فَاسْتَفْتِهِمُ الرَّبِّكَ الْبَنَاتُ وَلَهُمُ الْبَنُونَ

অনুবাদসমূহ:

অতএব তাদেরকে জিজ্ঞাসা কর, ‘তোমার রবের জন্য কি কন্যা সন্তান এবং তাদের জন্য পুত্র সন্তান?’ — আল-বায়ান
এখন তুমি তাদেরকে (অর্থাৎ মক্কার কাফিরদেরকে) জিজ্ঞেস কর ‘কন্যাগুলোই কি তোমাদের প্রতিপালকের জন্য,
আর তাদের নিজেদের জন্য পুত্রগণ?’ — তাইসিরুল

এখন তাদেরকে জিজ্ঞেস করঃ তোমার রবের জন্য কি রয়েছে কন্যা সন্তান এবং তাদের জন্য পুত্র সন্তান? —
মুজিবুর রহমান

So inquire of them, [O Muhammad], "Does your Lord have daughters while they have sons? — Sahih International

১৪৯. এখন তাদেরকে জিজ্ঞেস করুন, আপনার রবের জন্যই কি রয়েছে কন্যা সন্তান(১) এবং তাদের
জন্য পুত্র সন্তান?

(১) বিভিন্ন বর্ণনায় এসেছে আরবের কুরাইশ, জুহাইনা, বনী সালামাহ, খুয়াআহ এবং অন্যান্য গোত্রের কেউ কেউ
বিশ্বাস করতো, ফেরেশতারা আল্লাহর কন্যা। কুরআন মজীদের বিভিন্ন স্থানে তাদের এ জাহেলী আকীদার কথা
বলা হয়েছে। উদাহরণস্বরূপ দেখুন: সূরা আন নিসা: ১১৭; আন নাহল: ৫৭-৫৮; আল-ইসরাঃ ৪০; আয় যুখরুফঃ
১৬-১৯ এবং আন নাজম: ২১-২৭ আয়াতসমূহ।

তাফসীরে জাকারিয়া

(১৪৯) ওদেরকে জিজ্ঞাসা কর, আল্লাহর জন্য কি কন্যাসন্তান এবং ওদের নিজেদের জন্য পুত্রসন্তান?

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3937>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন